গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বানারীপাড়া বরিশাল।

তারিখঃ-১০/০৪/২০২২ খ্রিঃ

স্মারকনং-৩৪.০১.০৬১০.০০০.৪৪.১২৮.১৬-১১৭(অংশ-১)

বিষয় ঃ যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের সভায় অংশ গ্রহন প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১১/০৪/২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকার সময় যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের সভা *জনাব মোঃ নুরুল হুদা,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,* বানারীপাড়া,বরিশাল এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির একজন সন্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

১. বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন ।
২. প্রশিক্ষন ও আত্মকর্মসংস্থান সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৩. যুব ঋন বিতরন ও আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৪. বিবিধ।

( মোঃ রফিকুল ইসলাম সরদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বানারীপাড়া,বরিশাল ।
ফোন:০২৪-৭৮৮৭১০০২

১০/৪/২২

প্রাপক ঃ জনাব....................
উপজেলা ..............................অফিসার/
চেয়ারম্যান .............. ইউপি
বানারীপাড়া,বরিশাল

তারিখঃ-১১/০৪/২০২২ খ্রিঃ

স্মারকনং-৩৪.০১.০৬১০.০০০.৪৪.১২৮.১৬-১১৭(অংশ-১)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলঃ-

৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া,বরিশাল ।
৬) উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া,বরিশাল ।
৭) ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া,বরিশাল।
৮) অফিস কপি।

( মোঃ রফিকুল ইসলাম সরদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বানারীপাড়া,বরিশাল ।
ফোন:০২৪-৭৮৮৭১০০২

১০/৪/২২

## এপ্রিল /২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণীঃ-

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ১১/০৪/২০২২ খ্রি: সময়:- ১১.০০ ঘটিকা

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল হুদা
ভাইস চেয়ারম্যান
বানারীপাড়া,বরিশাল ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম,পদবী ও স্বাক্ষর নিম্নরুপ ঃ-

| ক্র নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব পার্থ সারথী দেউড়ী | উপজেলা সমাজসেবা অফিসার | স্বাক্ষরিত |
| ০২. | জনাব আঃ জলিল ঘরামী | চেয়ারম্যান ৭ নংবানারীপাড়া ইউপি । | স্বাক্ষরিত |
| ০৩. | জনাব সাইফুল ইসলাম শান্ত | চেয়ারম্যান ১ নং বিশারকান্দি ইউপি | স্বাক্ষরিত |
| ০৪. | জনাব মোঃ সিদ্দিকুর রহমান | চেয়ারম্যান, ৫ নং সলিয়াবাকপুর ইউপি | স্বাক্ষরিত |
| ০৫. | জনাব মোঃরফিকুল ইসলাম সরদার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |

সভার আলোচ্য সূচী ঃ

১. বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন ।
২. প্রশিক্ষন ও আত্নকর্মসংস্থান সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৩. যুব ঋন বিতরন ও আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৪. বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির তৃতীয় সভার কাজ শুরু করেন । সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্যসচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভার কাজ পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ- ০১। সদস্যসচিব সভাকে জানান যে , যুব উন্নয়ন আধিদপ্তর কর্তৃক বেকার যুব / যুব মহিলাদের আত্ন-কর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেড যেমন ঃ কম্পিউটার প্রশিক্ষন, মডার্ন অফিস ম্যানেজমেন্ট ইলেকট্রিক্যাল এ্যান্ড হাউজ ওয়্যারিং, রেফ্রিজারেশন এ্যান্ড এয়ার কন্ডিশনিং ব্লক ও বাটিক প্রিন্ট, গবাদিপশু,হাঁস, মুরগি ও মৎস্য চাষ প্রশিক্ষন, গবাদিপশু মোটাতাজাকরন ইত্যাদি সহ এলাকার চাহিদার ভিত্তিতে যেকোন ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন প্রদান করা হয় । চলতি ২০২১-২০২২ অর্থবছরে মার্চ/২০২২ খ্রীঃ পর্যন্ত অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে ১৩ টি ব্যাচে ১৫৩ জন পুরুষ ২৩৭ জন মহিলা সর্বমোট ৩৯০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। । চলতি অর্থ বছরে মার্চ/২০২২ খ্রীঃ পর্যন্ত অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে পুরুষ ৩১ জন ও মহিলা ৩৩ জন সর্বমোট ৬৪ জন যুব / যুব মহিলা আত্নকর্মে নিয়োজিত হয়েছে। সভাপতি মহোদয় সভায় অভিমত প্রকাশ করেন যে, ভিশন- ২০৪১ লক্ষ্যে বেকার যুব সম্প্রদায়কে আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে স্বাবলম্বী হতে হবে।

সিদ্ধান্ত ঃ এলাকার বেকার যুব / যুব মহিলাদের কম্পিউটার, মোবাইল সার্ভিসিং, ব্লক ও বাটিক প্রিন্ট, এমব্রয়ডারী মাশরুম চাষ,গ্রাফিক্স ডিজাইন,ফুল চাষ ইত্যাদি যুগোপযোগী প্রশিক্ষন প্রদানেরে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচীঃ- ০২। সদস্যসচিব সভায় জানান যে, প্রশিক্ষন প্রাপ্ত যুব ও যুব মহিলাগন প্রশিক্ষন লব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে স্বকর্মসংস্থানের লক্ষ্যে প্রকল্প গ্রহন করলে যুব উন্নয়ন অধিদপ্তর প্রকল্প সম্প্রসারনের জন্য সরকারি নীতিমালার আলোকে যুব ঋণ প্রদান করে থাকে। প্রাতিষ্ঠানিক ঋন সমূহ জেলা যুব ঋণ কমিটি ও অপ্রাতিষ্ঠানিক যুব ঋণ সমুহ উপজেলা যুব ঋণ কমিটির মাধ্যমে অনুমোদন হয়

সিদ্ধান্ত ঃ ঋন গ্রহীতা ও জামিনদার সম্পর্কে সরেজমিনে তদন্তের সময় ঋণ গ্রহীতা ও জামিনদার সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হল ।

আলোচ্য সূচীঃ- ০৩। সদস্যসচিব সভাকে জানান যে, বিগত মার্চ/২০২২ খ্রিঃ পর্যন্ত মোট খেলাপী ঋনের পরিমান ১২,৪৮,৯৫৮/- টাকা । খেলাপী ঋণ আদায়ের জন্য অত্র অফিসের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসহ উপজেলা যুব উন্নয়ন অফিসার নিয়মিত মাঠে যাচ্ছেন। এছাড়া খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন চার্জ , বানারীপাড়া থানা এর মাধ্যমে খেলাপীদের নোটিশ প্রদান পূর্বক খেলাপী আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সভায় আলোচনা হয়।। নোটিশ প্রদানের পরও অধিকাংশ খেলাপী ঋণ গ্রহীতারা খেলাপী ঋণ পরিশোধ করছেন না।এতে নুতন করে অধিক সংখ্যক বেকার যুবকদের ঋন প্রদান করা যাচ্ছে না।

সিদ্ধান্ত ঃ- সদস্যসচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বানারীপাড়াকে আগামী মাসিক সমন্বয় সভায় খেলাপীদের তালিকা উপস্থাপনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। গৃহীত কার্যক্রম ছাড়াও খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন চার্জ , বানারীপাড়া থানা এর স্বাক্ষরিত খেলাপী আদায়ের নোটিশ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের বরাবরে প্রেরনের পর উক্ত নোটিশ ইউনিয়ন পরিষদের চৌকিদার / দফাদার এর মাধ্যমে জারী করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয় ।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

১১/০৪/22

( মোঃ নুরুল হুদা)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানারীপাড়া,বরিশাল
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

তারিখঃ-১১/০৪/২০২২ খ্রিঃ

স্মারক নং -৩৪.০১.০৬১০.০০০.৪৪.১২৮.১৬- ১১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলঃ-

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া,বরিশাল ।
২) উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,বরিশাল ।
৩) উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া,বরিশাল ।
৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া,বরিশাল ।
৫) অফিস কপি।

( মোঃ রফিকুল ইসলাম সরদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বানারীপাড়া,বরিশাল
ও
সদস্য সচিব
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

১১/৪/২২